

আয়ারল্যান্ডে প্রথমবারের মত ই-পাসপোর্ট কার্যক্রম শুরু

- A Monitor Desk Report

Date: 03 March, 2024



ঢাকা: আয়ারল্যান্ডে প্রথমবারের মত ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। বাংলাদেশ কমিউনিটি অফ ডাবলিন (বিসিডি) ও ডাবলিন আওয়ামী লীগের যৌথ উদ্যোগে আয়োজিত কমিউনিটি ডায়ালগ শেষে এ কার্যক্রমের উদ্বোধন করেন যুক্তরাজ্য, আয়ারল্যান্ড ও লাইবেরিয়ার হাইকমিশনার সাইদা মুনা তাসনিম। ডাবলিনের আলসা অডিটোরিয়ামে এ কমিউনিটি ডায়ালগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে হাইকমিশনার সাইদা মুনা তাসনিম তার বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের উন্নয়ন ও কূটনৈতিক সাফল্যের কথা তুলে ধরেন। সেখানকার প্রবাসীরা কিভাবে স্থানীয় আইরিশ সরকারের দৃষ্টি আকৃষ্ট করতে পারে সে ব্যাপারেও কথা বলেন।

আয়ারল্যান্ডে বাংলাদেশ হাইকমিশন স্থাপনের বিষয়টি মন্ত্রণালয়ে বুলে আছে উল্লেখ করে অচিরেই সরকারের উর্ধ্বতন মহলে এ ব্যাপারে কথা বলবেন বলে আশ্বাস দেন হাইকমিশনার। এক প্রশ্নের জবাবে আয়ারল্যান্ডে শহীদ মিনার স্থাপনের জন্য সরকারি অনুদানের বিষয়টিও নিশ্চিত করেন তিনি।

এসময় হাইকমিশনারকে ফুল দিয়ে বরণ করেন নতুন প্রজন্মের নওশিন ও নাফিসা। আহবায়ক বেলাল হোসেন ও সভাপতি ফিরোজ হোসেনের নেতৃত্বে ডাবলিন আওয়ামী লীগ নেতা-কর্মীরা ফুলের তোড়া দিয়ে সবাইকে শুভেচ্ছা জানান। সম্মাননা ক্রেস্ট প্রদান করেন বিসিডির সভাপতি মোহাম্মাদ মোস্তফা, সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন ও ভয়েস অফ আয়ারল্যান্ডের রন্ডি চৌধুরী। কবি সাজেদুল চৌধুরী রুবেল তাঁর প্রথম কাব্যগ্রন্থ ‘ফেরাবো না তোমাকে তুলে’ দেন হাই কমিশনারের হাতে।

-B